গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা-২(সেবা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**বিষয় ঃ মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতির পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মো: মোস্তফা কামাল<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ঃ | ০৩-১২-২০২৩ |
| সময় | ঃ | সকাল ১১.০০ টা |
| স্থান | ঃ | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা ঃ পরিশিষ্ট 'ক'।

আলোচনা ঃ

সভাপতি সভায় উপস্থিত এবং ভার্চুয়াল মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও জাতীয় চার নেতাসহ ১৫ আগস্ট ১৯৭৫ এ জাতির পিতার পরিবারের শহীদ সদস্যগণসহ সকল শহীদের এবং মহান মুক্তিযুদ্ধে শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন, মহান মুক্তিযুদ্ধ আমাদের জাতির ইতিহাসে এক অন্তহীন প্রেরণার উৎস। আর মহান বিজয় দিবস সেই ইতিহাসের এক গৌরব দীপ্ত দিন। এ গৌরবের স্মৃতিবাহী দিনটি উদ্‌যাপন তিনি সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। অত:পর সভাপতি আজকের সভার কার্যপত্র অনুযায়ী সভায় উপস্থাপনের জন্য যুগ্মসচিব(প্রশাসন)-কে অনুরোধ জানান। সে প্রেক্ষিতে যুগ্মসচিব (প্রশাসন) জানান, মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত জাতীয় কর্মসূচির আলোকে নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের নিমিত্ত গত ৩১-১০-২০২৩ তারিখে একটি প্রস্তুতিমুলক সভার আয়োজন করা হয়। উক্ত সভায় গৃহীত কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতির পর্যালোচনার লক্ষ্যে আজকের সভা আহবান করা হয়েছে। অত:পর সভাস্থলে উপস্থিত ও অনলাইনে যুক্ত সকলের মতামতের পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

| ক্র.নং | বিষয় | গৃহীত কর্মসূচিসমুহ | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | জাতীয় পতাকা উত্তোলন ও আলোক সজ্জাকরণ | নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন প্রতিটি দপ্তর/সংস্থার ভবনে জাতীয় পতাকা উত্তোলন এবং গুরুত্বপূর্ণ (১৫-১৬ ডিসেম্বর) ভবন/স্থাপনাসমূহ আলোকসজ্জা দ্বারা সজ্জিত করতে হবে। | অধীনস্থ দপ্তর/সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। |

| | | | |
|---|---|---|---|
| ২. | আলোচনা সভা আয়োজন | "জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের আদর্শ, চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার এবং বিজয় দিবসের তাৎপর্য" শীর্ষক আলোচনা ও সিম্পোজিয়াম আয়োজন করবে। | আলোচনা সভা সিনিয়র সচিব মহোদয় ও মাননীয় প্রতিমন্ত্রীর সাথে আলোচনা করে নিম্নরূপভাবে তারিখ ও প্রধান আলোচক নির্ধারণ করা হলো:<br>**স্থান: বিআইডব্লিউটিএ'র মুক্তিযুদ্ধ স্মৃতি মিলনায়তন হল**<br>**তারিখ : ১৬ ডিসেম্বর, ২০২৩**<br>**সময় : বেলা: ১১:০০ টা**<br>**প্রধান আলোচক: কবি ড. কামাল আবদুল নাসের চৌধুরী, প্রধানমন্ত্রীর প্রাক্তন মুখ্য সচিব**<br>**প্রবন্ধ উপস্থাপক: ড.এ.কে.এম মতিউর রহমান, অতিরিক্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।** |
| ৩. | নৌযানসমূহের সাজসজ্জাকরণ এবং জাহাজসমূহ জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখা | চট্টগ্রাম, মোংলা ও পায়রা বন্দর, ঢাকার সদরঘাট, পাগলা (নারায়নগঞ্জ) ও বরিশাল বিআইডব্লিউটিসি'র ঘাটে বাংলাদেশ নৌবাহিনী ও বাংলাদেশ কোস্ট গার্ডের সমন্বয়ের মাধ্যমে এককভাবে/যৌথভাবে এবং চাঁদপুরে ও মুন্সীগঞ্জ লঞ্চঘাটে বাংলাদেশ কোস্ট গার্ডের জাহাজসমূহ এককভাবে বিকাল ২টা হতে ঐদিন সূর্যাস্ত পর্যন্ত জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখা এবং ঢাকা ও দেশের বিভিন্ন শহরে অবস্থিত নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার নৌযানসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সাথে বিআইডব্লিউটিএ এবং বিআইডব্লিউটিসি সমন্বয় করবে। | যথাযথভাবে বন্দরসমূহ, বিআইডব্লিউটিএ ও বিআইডব্লিউটিসির জাহাজসমূহে জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখাসহ নৌবাহিনী, বাংলাদেশ কোস্ট গার্ড ও সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে উক্ত কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। |
| ৪. | শিক্ষার্থীদের অংশগ্রহণে ক্রীড়া আয়োজন ও বিভিন্ন প্রতিযোগিতা আয়োজন | মেরিন একাডেমি ও ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটসহ যেসকল দপ্তর-সংস্থার অধীন স্কুল, কলেজ, মাদরাসা রয়েছে তাদের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, ক্রীড়া অনুষ্ঠান, টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্ট, নৌকা বাইচ (বরিশালে), ফুটবল, কাবাডি ও হা-ডু-ডু খেলার আয়োজন এবং দপ্তর-সংস্থার অধীন শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পর্যায়ে মুক্তিযুদ্ধ ভিত্তিক রচনা ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজনসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। |
| ৫. | দোয়া মাহফিল/প্রার্থনা অনুষ্ঠান আয়োজন। | নৌপরিবহন মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থা তাদের সুবিধাজনক সময়ে সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদক বিরোধী কার্যক্রমে জনমত সৃষ্টির জন্য আলোচনা ও শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/মুক্তিযোদ্ধা/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনার আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। |

| | | | |
|---|---|---|---|
| ৬. | উন্নতমানের খাবার পরিবেশন | নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন প্রশিক্ষণ কেন্দ্রে/হাসপাতাল/চিকিৎসা কেন্দ্রে উন্নতমানের খাবার সরবরাহ/পরিবেশন এর ব্যবস্থা করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। |
| ৭. | শিশু পার্ক উন্মুক্ত রাখা এবং প্রদর্শনী আয়োজন। | দপ্তর-সংস্থার আওতাধীন সকল সরকারি ও বেসরকারি শিশু পার্ক শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনীর ব্যবস্থা করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে । |
| ৮. | জাতীয় পর্যায়ের অনুষ্ঠানে অংশগ্রহণ | মন্ত্রণালয়ের অধীন দপর-সংস্থাসমূহ তাদের স্ব-স্ব কর্মসূচির পাশাপাশি জেলা/উপজেলা পর্যায়ে জাতীয় কর্মসূচির মূল অনুষ্ঠানে অংশগ্রহণ করবে ও নিজ নিজ কর্মসূচী সংশ্লিষ্ঠ জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণ করবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা স্থানীয় জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে কর্মসূচি পালন করবেন। |
| ৯. | দাওয়াতপত্র প্রস্তুত ও বিতরণ | সভার সিদ্ধান্ত মোতাবেক যুগ্মসচিব(টিসি ও বিএসসি) জনাব মো: গোলাম রাব্বি, পিএএ-কে আহবায়ক করে দাওয়াতপত্র প্রস্তুত ও বিতরণ সংক্রান্ত কমিটি করা হয়েছে। | যথাসময়ে দাওয়াত কার্ড ছাপিয়ে বিতরণের ব্যবস্থা করতে হবে। |

৩। আসন্ন মহান বিজয় দিবস, ২০২৩ প্রতিবারের ন্যায় এবারও যথাযথ মর্যাদা ও গুরুত্বের সাথে উদ্‌যাপন করতে হবে। কেন্দ্রীয় অনুষ্ঠান মালার সাথে সামঞ্জস্য রেখে সকল দপ্তর/সংস্থাকে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
৪/১২/২০২৩
মো: মোস্তফা কামাল
সিনিয়র সচিব

নং-১৮.০০.০০০০.০৪৩.২৩.০০২.২২.১২২৬

তারিখ: ০৫.১২.২০২৩ খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। চেয়ারম্যান, চবক/মোবক/পাবক/বাস্থবক/জানরক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি।
২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
৩। অতিরিক্ত সচিব(সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৪। যুগ্মসচিব(সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৫। উপসচিব(সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৬। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম/বরিশাল সদর, বরিশাল/বেড়া, পাবনা/পীরগঞ্জ, রংপুর/সিলেট সদর, সিলেট।
৭। পরিচারক, নাবিক প্রবাসী ও শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।
৮। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
৯। সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব(সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি:

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।( সদয় অবগতির জন্য)
৩। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন)/যুগ্মসচিব (প্রশাসন) এঁর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

৫/১২/২৩
মো: আলাউদ্দিন
সহকারী সচিব(প্রশাসন-২)